



উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

চান্দিনা, কুমিল্লা

স্মারক নং- ১৭.১০.১৯২৭.০০০.৪১.০৬৫.২০-২৮৫

তারিখঃ ০৩/১১/২০২০ খ্রিঃ

ইউনিয়ন পরিষদ উপ-নির্বাচনের জন্য গণ-বিজ্ঞপ্তি

যেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫(১) মোতাবেক সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লার স্মারক নং-১৭.১০.১৯০০.০০০.৪১.০০২.১৯-৬৭৭, তারিখ : ০৩ নভেম্বর, ২০২০ খ্রিঃ মোতাবেক কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার মাইজখার ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে উপ-নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারী মোঃ আহসান হাবীব, উপজেলা নির্বাচন কর্মকর্তা, চান্দিনা, কুমিল্লা কে রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(৩) এর প্রদত্ত ক্ষমতাবলে আমি মোঃ আহসান হাবীব, উপজেলা নির্বাচন কর্মকর্তা, চান্দিনা, কুমিল্লা ও রিটার্নিং অফিসার, এতদ্বারা কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার মাইজখার ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে উপ-নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নোক্তভাবে সময়সূচি নির্ধারণ করে সর্বসাধারণের জন্য গণ-বিজ্ঞপ্তি জারি করছি:

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ নভেম্বর ২০২০ (রবিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৭ নভেম্বর ২০২০ (মঙ্গলবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৩ নভেম্বর ২০২০ (সোমবার)
(ঘ)	প্রতীক বরাদ্দ	:	২৪ নভেম্বর ২০২০ (মঙ্গলবার)
(ঙ)	ভোটগ্রহণের তারিখ	:	১০ ডিসেম্বর ২০২০ (বৃহস্পতিবার)

আমি আরো জানাচ্ছি যে, আগামী ১৫ নভেম্বর ২০২০ খ্রিঃ (রবিবার) তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সরকারি ছুটির দিনসহ সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত মাইজখার ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে মনোনয়নপত্র আমার কার্যালয়ে (উপজেলা নির্বাচন অফিস, চান্দিনা, কুমিল্লা) গ্রহণ করা হবে।

বিঃ দ্রঃ ১০ ডিসেম্বর ২০২০ খ্রিঃ (বৃহস্পতিবার) তারিখে ভোট গ্রহণ সকাল ৯.০০ ঘটিকা হতে শুরু হয়ে বিরতিহীনভাবে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চলবে।

(Signature)

(মোঃ আহসান হাবীব)
উপজেলা নির্বাচন কর্মকর্তা
চান্দিনা, কুমিল্লা

ও

রিটার্নিং অফিসার

মাইজখার ইউনিয়ন পরিষদ উপ-নির্বাচন-২০২০

স্মারক নং- ১৭.১০.১৯২৭.০০০.৪১.০৬৫.২০-২৮৫

তারিখঃ ০৩/১১/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ৪। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ৬। আঞ্চলিক নির্বাচন অফিসার, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
- ৭। পুলিশ সুপার, কুমিল্লা।
- ৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা, কুমিল্লা।
- ১০। অফিসার ইনচার্জ, চান্দিনা, কুমিল্লা।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, চান্দিনা, কুমিল্লা।
- ১২। চেয়ারম্যান/সচিব, মাইজখার ইউনিয়ন পরিষদ, চান্দিনা, কুমিল্লা। (অত্র বিজ্ঞপ্তি তাঁর ইউনিয়নে ওয়ার্ডের জনবহুলস্থানে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ১৩। নোটিশ বোর্ড।

(Signature)

(মোঃ আহসান হাবীব)
উপজেলা নির্বাচন কর্মকর্তা
চান্দিনা, কুমিল্লা

ও

রিটার্নিং অফিসার

মাইজখার ইউনিয়ন পরিষদ উপ-নির্বাচন-২০২০